বিশেষ অনুশীলন - ০১
শ্রেণি : ৮ম
বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা
(বহুনির্বাচনি + সৃজনশীল)

বিষয় কোড ১।১।১

সময়: ১:১৫ মিনিট　　　　পূর্ণমান - ৫০

## বহুনির্বাচনি অভীক্ষা

[দ্রষ্টব্য: সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রত্যেক প্রশ্নের মান সমান।]　　১×৩০ = ৩০

১। ইসলামের মৌলিক বিষয় কয়টি ?
ক) তিনটি　খ) পাঁচটি　গ) সাতটি　ঘ) চারটি

২। আল্লাহ স্বয়ংসম্পূর্ণ এজন্য তিনি —
ক) রাউফুন　খ) গাফফারুন　গ) সামাদুন　ঘ) হামিদুন

৩। আল-কুরআনে মুনাফিকদের কী বলে সাব্যস্ত করা হয়েছে -
ক) অহংকারী　খ) অমুসলিম　গ) অত্যাচারি　ঘ) মিথ্যাবাদী

৪। বছর শেষে রিপন এর নিকট ৭ লক্ষ টাকা আছে, তাকে কত টাকা যাকাত দিতে হবে ?
ক) সতের হাজার টাকা　খ) ষোল হাজার পাঁচ শত　গ) সতের হাজার পাঁচশত টাকা
ঘ) আঠারো হাজার টাকা

৫। সমাজে সামগ্রিক অর্থনৈতিক অবস্থার উন্নতি হয়, এ বিবেচনায় যাকাত অর্থ -
ক) পবিত্রতা　খ) বৃদ্ধি　গ) পরিচ্ছন্ন　ঘ) শান্তি

নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও :-
'ক' সামাজিকভাবে ভালো থাকার আশায় অন্যের নিকট মুসলাম ও ইসলামের গোপন কথা ও দুর্বলতা প্রকাশ করে দেয়। অসত্য কথা বলে মুসলমানদের মধ্যে ঝগড়া বিবাদ সৃষ্টি করে।

৬। 'ক' এর কাজটি -
i, নৈতিকতার বিপরীত　ii, প্রতারণামূলক　iii, মানবিক মূল্যবোধ বিনষ্ট হয়
নিচের কোনটি সঠিক ?
ক) i　খ) iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

৭। 'ক' এর মতো ব্যক্তিদের এড়িয়ে চলতে হবে কারণ -
i, এরা দ্বিমুখী নীতি বিশিষ্ট　ii, গোপনে ইসলামকে অস্বীকার করে
iii মিথ্যাবাদী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii　খ) i ও iii　গ) i ও iii　ঘ) i, ii ও iii

৮। ইমানের কয়টি দিক রয়েছে -
ক) ৫টি　খ) ৩টি　গ) ৭টি　ঘ) ৮টি

৯। মাহরুম শব্দের অর্থ কী?
ক) দরিদ্র খ) বঞ্চিত গ) কৃপণ ঘ) ঋণগ্রস্ত
১০। হজ হলো একটি —
i, আর্থিক ইবাদত ii, বাৎসরিক ইবাদত iii, শারীরিক ইবাদত
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii গ) ii ও iii ঘ) i ও iii
১১। নবি - রাসূলগণের উপর বিশ্বাস করা কী?
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নাত ঘ) মুস্তাহাব
১২। যাকাতের বন্টন খাতের কথা আল কুরআনের কোন সূরায় উল্লেখ আছে?
ক) আল-মুযযাম্মিল খ) আন-নিসা গ) আত-তাওবা ঘ) আল-হজ
১৩। যাকাত ফরজ হওয়ার শর্ত হলো —
i, ঋণগ্রস্ত না হওয়া ii, বালেগ হওয়া iii, মুক্তিকামী দাস
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৪। "আর প্রত্যেক জাতির জন্য পথ প্রদর্শক রয়েছে' — কোন সূরার অংশ?
ক) আল-বাকারা খ) আন-নিসা গ) আশ শূরা ঘ) আর-রাদ
১৫। হাজরে আসওয়াদ থেকে তাওয়াফ শুরু করা কী?
ক) ফরজ খ) ওয়াজিব গ) সুন্নাত ঘ) নফল
নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও:-
জনাব আকিব সাহেব প্রতি বছর এর ন্যায় এবার ও রমজান মাসে যাকাত আদায় করেন। তিনি আল কুরআনের নির্ধারিত খাত অনুযায়ী সমাজের মানুষের মাঝে তা বিতরণ করে দেন।
১৬। জনাব আকিব সাহেব নিয়মিত যাকাত আদায় করেন। তার এ কাজে—
i, সামাজিক বিধান পালন করা হয় ii, ফরজ আদায় হবে iii, গরিবের অধিকার প্রতিষ্ঠা হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৭। যাকাত আদায় করলে -
i, সম্পদ পবিত্র হয় ii, সম্পদ বৃদ্ধি পায় iii, সম্পদ কমে যায়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

১৮। যিলহজ্জ মাসের ৮ তারিখ সূর্যোদয়ের পর হাজিগণ কোথায় যান?
ক) আরাফায় খ) মিনায় গ) সাফা ঘ) মুযদালিফায়
১৯। "হজ্জে মাবরুরের প্রতিদান হচ্ছে একমাত্র জান্নাত - কোন কিতাবে আছে?
ক) বুখারী খ) মুসলিম গ) তিরমিযি ঘ) নাসাঈ
২০। মহানবি (সা) পুনরায় হজে ইবরাহিমি চালু করেন কখন?
ক) মক্কা বিজয়ের পূর্বে খ) মক্কা বিজয়ের পর গ) বদরের পর ঘ) বিদায় হজে
২১। 'আল আসফালু' শব্দের অর্থ কী?
ক) সুর খ) সর্বনিম্ন গ) সুন্দরতম ঘ) তিন
২২। জ্ঞান-বিজ্ঞানের সকল বিষয় সন্নিবেশিত রয়েছে -
ক) আল কুরআনে খ) হাদিসে গ) ইজমা ঘ) বিশ্বকোষে
২৩। জান্নাতুল ফিরদাউসে আপ্যায়নের ব্যবস্থা রয়েছে কাদের জন্য?
ক) মুসলমানদের জন্য খ) মুমিনদের জন্য গ) মুমিন ও সৎকর্মশীলদের
ঘ) সকল মানুষের জন্য
২৪। মুনাফিকের চিহ্ন কয়টি?
ক) তিনটি খ) চারটি গ) পাঁচটি ঘ) সাতটি
২৫। হজ ও উমরাহ পর পর আদায় করলে -
i, অভাব দূর হবে ii, গুনাহ সমূহ মাফ হবে iii, দারিদ্রতা দূর হবে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii
২৬। হাদীসে কোন ব্যক্তিকে আল্লাহর নিকটবর্তী, বান্দার নিকটবর্তী, জান্নাতের নিকটবর্তী এবং জাহান্নাম থেকে দূরবর্তী বলা হয়েছে -
ক) মুসলিম খ) স্বাবলম্বী গ) আত্মনির্ভরশীল ঘ) দানশীল
২৭। ইমানের পঞ্চম বিষয়ের নাম কী?
ক) তাকদিরে বিশ্বাস খ) নবি-রাসূলে বিশ্বাস গ) আখিরাতে বিশ্বাস ঘ) পুনরুত্থানের
২৮। আল্লাহ তায়ালা সকল সৃষ্টিজীবের আশ্রয়দাতা - এটি তার কোন গুণবাচক নামের প্রতিফলন?
ক) আল্লাহু হাসিবুন খ) আল্লাহু মুহাইমিনুন গ) আল্লাহ গাফফারুন ঘ) আল্লাহ রাজ্জাকুন
২৯। হজের ওয়াজিব কাজ কয়টি?
ক) ৫টি খ) ৭টি গ) ৩টি ঘ) ২টি
৩০। হাজিগন কোথায় হজের সময় মাগরিব ও এশার নামাজ একত্রে আদায় করেন?
ক) আরাফায় খ) মিনায় গ) মুযদালিফায় ঘ) মদিনায়

—**—

## সৃজনশীল অংশ - ২০

১। উদ্দীপকদ্বয় পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও:- ১০×২=২০

ক। জালিম ও সলিম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন করে, জালিম মনে করে আমি একজন মুসলিম, তাই ইমানের দাবি অনুযায়ী আমাকে নিয়মিত আল্লাহর হুকুম-আহকাম পালন করতে হবে। পক্ষান্তরে সলিম প্রকাশ্যে নিজেকে মুসলিম দাবী করলে ও বিপদে পড়লে বিভিন্ন মাজারে ও পীরের নিকট গিয়ে মুক্তি কামনা করে। সলিমের এ ধরনের মনোভাব জেনে ইমাম সাহেব বলেন, পবিত্র কুরআন এ ধরনের কাজকে চরম যুলুম বলা হয়েছে।


ক) ইমান কী? ১


খ) তাকদিরে বিশ্বাস প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ) জালিমের কাজের জন্য সে কীরূপ ফলাফল ভোগের আশা করতে পারে? ব্যাখ্যা কর। ৩

ঘ) সলিমের মনোভাব চিহ্নিত করে ইমাম সাহেব এর বক্তব্যের যথার্থতা তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। নিচের ছক দুইটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও:-




ক) নিসাব কী? ১

খ) যাকাতের মাধ্যমে ধনী-দরিদ্রের বৈষম্য দূর হয় - ব্যাখ্যা কর। ২

গ) (ক) নম্বর ছকে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) (খ) নম্বর ছকের বিষয়বস্তু চিহ্নিত করে উহার ফজিলাত বিশ্লেষণ কর। ৪